

# আজ এসএসসি পরীক্ষার ফল প্রকাশ: ফলাফল দেখবেন যেভাবে!

অনলাইন ডেস্ক

প্রকাশিত: ০৮:২৯, ১০ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

×

চলতি বছরের এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফল আজ ১০ জুলাই (বৃহস্পতিবার) দুপুর ২টায় প্রকাশ করা হবে—এমন তথ্য জানানো হয়েছে আন্তঃশিক্ষা বোর্ডের বিজ্ঞপ্তিতে।

×

ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম, বরিশাল, সিলেট, দিনাজপুর, ময়মনসিংহ, মাদ্রাসা ও কারিগরি বোর্ডের ফল একযোগে প্রকাশ পাবে শিক্ষা বোর্ডের ওয়েবসাইট, শিক্ষা প্রতিষ্ঠান এবং পরীক্ষাকেন্দ্রে।

**ফলাফল দেখার নিয়ম:**

**অনলাইনে:**

শিক্ষা বোর্ডের ওয়েবসাইট [www.educationboardresults.gov.bd](http://www.educationboardresults.gov.bd)-এ গিয়ে পরীক্ষার বছর, বোর্ড, রোল ও রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ফলাফল জানা যাবে।

এসএমএসে:

মোবাইলে লিখুন—

SSC [বোর্ডের প্রথম তিন অক্ষর] [রোল] [সাল]

পাঠান 16222 নম্বরে।

উদাহরণ: SSC DHA 123456 2025

মাদ্রাসা বোর্ড:

Dakhil MAD রোল নম্বর সাল লিখে পাঠাতে হবে 16222-এ।

উদাহরণ: Dakhil MAD 123456 2025

**কারিগরি বোর্ড:**

SSC TEC রোল নম্বর 2025 লিখে 16222-এ পাঠান।

**প্রতিষ্ঠানভিত্তিক ফল:**

বোর্ডের ওয়েবসাইটে EIIN নম্বর দিয়ে প্রতিষ্ঠানের ফল  
ডাউনলোড করা যাবে।